গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীনস্ত দপ্তর/সংস্থার NIS কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর চতুর্থ প্রান্তিক (এপ্রিল-জুন, ২০২০) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ১৪ জুন, ২০২০ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS সহযোগী কর্মকর্তা ২০১৯-২০২০ অর্থবছরের এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদন ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

২.০ সভায় গত ০৮/০৩/২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির তৃতীয় প্রান্তিকের সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতির আইটেমভিত্তিক সুনির্দিষ্ট তথ্যসমূহ উপস্থাপন করা হয়। উপস্থিত প্রতিনিধিবৃন্দ তৃতীয় প্রান্তিকের কার্যক্রম সন্তোষজনভাবে সম্পন্ন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। অতঃপর সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীনস্ত দপ্তর/সংস্থার NIS কর্ম-পরিকল্পনাভুক্ত চতুর্থ প্রান্তিকের উল্লেখযোগ্য কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। দেখা যায়, ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনাধীন কার্যক্রমের চলতি চতুর্থ (এপ্রিল-জুন, ২০২০) প্রান্তিকে করোনা ভাইরাস প্রাদুর্ভাবজনিত কারণে সাধারণ ছুটি থাকার ফলে এপ্রিল এবং মে মাস অতিক্রান্ত হলেও লক্ষ্যমাত্রা অনুযায়ী সাফল্য অর্জন করা সম্ভবপর হয়নি। এ বিভাগ ও অধীনস্ত সংস্থাসমূহের NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সভাকে জানান, সাধারণ ছুটিজনিত কারণে কিছুটা সমস্যা থাকলেও চতুর্থ প্রান্তিকে লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখা হয়েছে। তবে বাস্তব প্রেক্ষাপটে বেশী সংখ্যক অংশগ্রহণকারীর অংশগ্রহণে প্রশিক্ষণ, কর্মশালা, গণশুনানী ইত্যাদি কার্যক্রম সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে পূর্ণ বাস্তবায়ন করা বর্তমানে কঠিন। ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ জানান যে, বাস্তব অবস্থা বিবেচনায় স্বাস্থ্যবিধি মেনে যে সকল কার্যক্রম সম্ভব সেগুলো অর্জনের জন্যে এ প্রান্তিকের অবশিষ্ট সময়ে প্রচেষ্টা অব্যাহত রাখবেন।

৩.০ সভাপতি বলেন, এ বিভাগ বিগত কয়েক বছর শুদ্ধাচার অনুশীলনে দক্ষতার পরিচয় দিয়ে আসছে। কিন্তু এ বছর ৩য় প্রান্তিকের সিদ্ধান্তসমূহ অর্জিত হলেও ৪র্থ প্রান্তিকে বিরাজমান অস্বাভাবিক পরিস্থিতিতে লক্ষ্যমাত্রা অর্জন কিছুটা ব্যাহত হওয়ার ঝুঁকি রয়েছে। এ প্রেক্ষাপটে NIS কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনে প্রযোজ্য ক্ষেত্রে স্বাস্থ্যবিধি মেনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সচেষ্ট হতে তিনি অনুরোধ করেন। বিশেষভাবে তিনি এডিপি বাস্তবায়নের লক্ষ্য অর্জনের ক্ষেত্রে আশংকা প্রকাশ করেন। তাই পরিস্থিতি বুঝে সংশ্লিষ্ট সবাইকে এডিপি বাস্তবায়নে জোর তৎপরতা চালিয়ে যেতে অনুরোধ করেন।

৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত :

(১) NIS কর্ম-পরিকল্পনাভুক্ত অবাস্তবায়িত প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনের ক্ষেত্রে বর্তমান কোভিড-১৯ সংক্রমনের ঝুঁকি বিবেচনায় রেখে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি অনুসরণ করে বা অনলাইনে সম্পন্ন করতে স্ব-স্ব প্রতিষ্ঠান উদ্যোগ গ্রহণ করবে;

(২) বাস্তবতা বিবেচনা করে নির্ধারিত গণশুনানী Online ভিত্তিক আয়োজনের বিষয়টি স্ব-স্ব প্রতিষ্ঠান বিবেচনা করতে পারে;

(৩) বিরাজমান পরিস্থিতিতেও যথাসম্ভব লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সকল সংস্থা ৬.২ ক্রমিকে উল্লিখিত এডিপি বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে সচেষ্ট হবে;

চলমান পাতা-২

(৪) NIS কর্ম-পরিকল্পনাভুক্ত চতুর্থ প্রান্তিকের অন্যান্য যেসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জন এখানো পিছিয়ে আছে উক্ত কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা বর্তমান কোভিড-১৯ সংক্রমন বিবেচনায় স্বাস্থ্যবিধি মেনে অর্জনের চেষ্টা অব্যাহত রাখতে হবে;

(৫) NIS কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের সাথে লক্ষ্যমাত্রা অর্জনের স্বপক্ষে নির্ধারিত সময়ে প্রমাণকসহ অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করতে হবে।

৫.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৬/৬/২০২০
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.০৬.০১১.১৯-২৬৯

তারিখ : ০৪ আষাঢ়, ১৪২৭
১৮ জুন, ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা
০৬। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৭। প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬), প্রবাসী কল্যাণ ভবন, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা
০৮। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৯। উপসচিব (বাজেট/অডিট/সওজ গেজেটেড সংস্থাপন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৪। অফিস কপি/মাস্টার কপি।

১৮/৬/২০২০

দীপঙ্কর মন্ডল
উপসচিব
ফোন : ৯৫১৪০৭৫
E-mail: dsmaintenance@rthd.gov.bd